

তারিখ
পৃষ্ঠা ... ৫ ... কলাম ...

ডিপিইওর অপসারণ দাবিতে মানিকগঞ্জে প্রাইমারী শিক্ষকদের অনশন পালন

মানিকগঞ্জ, ৩১ মার্চ, নিম্নর সংবাদমত।
মানিকগঞ্জে প্রাথমিক স্তরের শিক্ষকরা রবিবার
পূর্বঘোষিত অনশন কর্মসূচী পালন করেছে। জেলা
প্রাথমিক শিক্ষা অফিসার (ডিপিইও) মহিবুর রহমানের
বিরুদ্ধে ঘৃণা, চাঁদাবাজি ও দুর্ব্যবহারের অভিযোগে এবং
তার অপসারণের দাবিতে শিক্ষকরা আন্দোলন
করছেন। গত বুধসন্ধ্যার শিক্ষকদের বিক্ষোভ
সমাবেশ থেকে ৭২ ঘণ্টার মধ্যে ডিপিইওকে
অপসারণ না করলে এই অনশন কর্মসূচীর
আলটিমেটাম দেয়া হয়। সকাল দশটা থেকে দুপুর
দুটো পর্যন্ত শিক্ষকরা ঐ প্রতীক অনশন কর্মসূচী
পালন করেন।

এদিকে রবিবার পর্যন্ত ডিপিইওকে অপসারণ না
করলেও একটি টিম তার বিরুদ্ধে অভিযোগের তদন্ত
শুরু করেছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের
পরিচালক প্রশাসন আবদুল লতিফের নেতৃত্বে তিন
সদস্যবিশিষ্ট ঐ টিম আন্দোলনের নেতৃবৃন্দ এবং

তুচ্ছভোগীদের কয়েক জনের সাক্ষাতকার নেয়।
কিন্তু তদন্ত টিমের আগমন সম্পর্কে পূর্ব থেকে কোন
খবর না জানা থাকায় অধিকাংশ অভিযোগকারী
উপস্থিত থাকতে পারেনি। জানা গেছে, ঐ তদন্ত
টিম পুনরায় আদেশ না দেয়া পর্যন্ত সকল কাজকর্ম
থেকে ডিপিইওকে বিরত থাকতে এবং অফিসে যে
কক্ষে তিনি রাত যাপন করতেন সেই কক্ষ ব্যবহার
করতে নিষেধ করে গেছে। তবে ডিপিইওর সাথে
যোগাযোগ করলে তিনি কক্ষ ব্যবহারের ওপর
নিষেধের কথা স্বীকার করলেও কাজকর্ম থেকে
বিরত থাকার কোন নির্দেশ পাননি বলে জানান।
এদিকে শিক্ষকদের মধ্যে অনিচ্ছিত ও ভয় কাজ
করছে। জানা গেছে, আন্দোলন করায় ঐ তদন্ত টিম
নাকি শিক্ষকদের ভীষনা করে গেছে। শিক্ষকরা
মনে করছে কারও কারও বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হতে
পারে। তেমনি ডিপিইওর বিরুদ্ধে তদন্ত টিম কোন
ব্যবস্থা না নেয়ায় অনিচ্ছতার মধ্যে পড়েছে।